গাংনীতে বজ্রপাতে নারীর মৃত্যু, আহত এক

মেহেরপুরের গাংনীতে বজ্রপাতে রিতা খাতুন (৩৮) নামে এক গৃহবধূ নিহত হয়েছেন। অপর এক স্থানে বজ্রপাত আহত হয়েছেন ফাতেমা খাতুন
(৩৫) নামে আরেক গৃহবধূ।

বৃহস্পতিবার বিকালে উপজেলার রায়পুর ও সাহারবাটি গ্রামে পৃথক স্থানে এ ঘটনা ঘটে। নিহত রিতা খাতুন রায়পুর গ্রামের কিয়াম আলীর স্ত্রী। আহত ফাতেমা খাতুন সাহারবাটি গ্রামের বেগুলের স্ত্রী ।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, বিকেলে হঠাৎ বজ্রসহ বৃষ্টির সময় রিতা খাতুন মাঠে ধান কুড়াতে গেলে বজ্রপাতের শিকার হন। ঘটনাস্থলেই তিনি প্রাণ হারান। একই সময়ে ফাতেমা খাতুন বাড়ির পাশে পুকুর থেকে পানি আনতে গিয়ে বজ্রাঘাতে গুরুতর আহত হন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার জাহিদ হাসান বলেন, ‘রিতা খাতুনকে হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়। আহত ফাতেমা খাতুন চিকিৎসাধীন এবং তার অবস্থা পর্যবেক্ষণ করা হচ্ছে।” এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুরে বিএনপির গণমিছিল

‘দল-মত-বিশ্বাস-দর্শন যার যার, দেশটা আমাদের সবার। সবার আগে বাংলাদেশ।’ বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই আহ্বানে মেহেরপুরে এক গণমিছিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৫ মে) বিকালে মেহেরপুর পৌর ও সদর উপজেলা বিএনপির উদ্যোগে আয়োজিত এ মিছিলের নেতৃত্ব দেন কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য এবং মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। মিছিলটি সড়ক বিভাগের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ শামসুজ্জোহা পার্কে

গিয়ে শেষ হয়।

মিছিলে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা কৃষকদলের সভাপতি মাহবুবুর রহমান, যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

নেতৃবৃন্দ বলেন, দেশের বর্তমান পরিস্থিতিতে জনগণের অধিকার ও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার জন্য ঐক্যবদ্ধভাবে আন্দোলনে নামা সময়ের দাবি।

মেহেরপুর জেনারেল হাসপাতালের নানা অনিয়মের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর জেনারেল হাসপাতালে দীর্ঘদিনের অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনার প্রতিবাদ ও তত্ত্বাবধায়কের অপসারণের দাবীতে মানববন্ধন করেছে স্থানীয়রা।

আজ সকাল ১১টার দিকে হাসপাতাল চত্ত্বরে এলাকাবাসী ও সামাজিক সংগঠনের ব্যানারে মানববন্ধন করেন বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

মেহেরপুর বৈষম্যবিরোধী আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদের নেতৃত্বে মানববন্ধনে শতাধিক মানুষ অংশ নেন। জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজ, সাহেদ মাহমুদ, ক্রীড়াবিদ এ এস লিটন প্রমুখ বক্তব্য দেন।

মানববন্ধনে বক্তারা হাসপাতালের তত্ত্বাবধায়কের অপসারণ, ২৫০ শয্যার পূর্ণাঙ্গ কার্যক্রম চালুর পাশাপাশি বিশেষজ্ঞ চিকিৎসক ও প্রয়োজনীয় জনবল দ্রুত নিয়োগের দাবি জানান। এছাড়া দালাল চক্র নির্মূল ও রোগীদের জন্য একটি সুশৃঙ্খল ও মানবিক চিকিৎসা পরিবেশ

নিশ্চিত করারও আহ্বান জানানো হয়।

বক্তারা বলেন, “এটা আমাদের জেলা সদর হাসপাতাল, অথচ এখানে চিকিৎসা পাওয়া যেন ভাগ্যের ব্যাপার। তত্ত্বাবধায়ক দায়িত্ব পালনের বদলে নিজের সুবিধা নিয়েই ব্যস্ত থাকেন।হাসপাতালে ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের সংকট, পরিষ্কার-পরিচ্ছন্নতার অভাব, রোগীদের সঙ্গে দুর্ব্যবহার এবং বহিরাগত দালালদের দৌরাত্ম্যে সাধারণ মানুষ নাজেহাল হয়ে পড়েছে।

মানববন্ধনে শতাধিক মানুষ অংশ নেয়, যাদের মধ্যে ছিলেন বিভিন্ন পেশার প্রতিনিধিরা, নাগরিক সমাজের সদস্য, রোগীর স্বজন ও মানবাধিকারকর্মীরা।

তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, দাবি আদায় না হলে পরবর্তী সময়ে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদানসহ বৃহত্তর আন্দোলনের ডাক দেওয়া হবে।

এ বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

মেহেরপুরে হেরোইনসহ দুই মাদক কারবারী গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা গ্রামে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক কারবারিকে আটক করেছে জেলা জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গ্রেফতারকৃতরা হলেন দক্ষিণ শালিকার ফিল্ড পাড়ার মৃত মাতম আলীর ছেলে মোঃ আবুল বাছাদ (৩৬), ক্লাব পাড়ার মৃত খেদের আলীর ছেলে মোঃ ইকরামুল হক (৪৫)।

জানা গেছে, দক্ষিণ শালিকা গ্রামের মোঃ তাহাজ উদ্দিনের বাড়ির পূর্ব দিকে মোঃ মনিরুলের আমবাগানের দক্ষিণ-পশ্চিম কোনে একটি বোরিংয়ের পাশ থেকে মোট ১০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর প্রক্রিয়া চলমান রয়েছে।

মেহেরপুরের বুড়িপোতা সীমান্তে ৭০৪ গ্রাম স্বর্ণসহ আটক ২

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) একটি বিশেষ অভিযানে মেহেরপুরের বুড়িপোতা সীমান্ত থেকে দুই পাচারকারীকে আটকসহ প্রায় ৭০৪ গ্রাম ওজনের চারটি স্বর্ণের বার জব্দ করা হয়েছে। উদ্ধারকৃত স্বর্ণের বাজারমূল্য প্রায় ৯৪ লাখ ৮৭ হাজার ৮৪০ টাকা।

বুধবার দুপুর ১২টা ৩০ মিনিটের দিকে বুড়িপোতা বিওপির (বর্ডার আউট পোস্ট) বিশেষ আভিযানিক দলের একটি দল শ্যানপাড়া তিন রাস্তার মোড়ে অ্যাম্বুশ করে এ অভিযান পরিচালনা করে।

অভিযানটি পরিচালিত হয় চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের দিকনির্দেশনায় এবং আভিযানিক দলের নেতৃত্ব দেন নায়েক মো. মাসুদ হাওলাদার।

বিজিবি সূত্রে জানা গেছে, সীমান্ত পিলার ১১৭ থেকে প্রায় ১ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে সন্দেহভাজন দুই ব্যক্তি বাইসাইকেলযোগে সীমান্তের দিকে অগ্রসর হচ্ছিল। বিজিবির টহলদল তাদের থামার সংকেত দিলে তারা পালানোর চেষ্টা করে। পরে বিজিবি সদস্যরা ধাওয়া দিয়ে তাদের আটক করতে সক্ষম হন।

আটককৃতরা হলেন বুড়িপোতা গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে মো. কালাম (৪৪) ও মৃত ঝড়ু মণ্ডলের ছেলে মো. আরজ আলী (৭১)।

বিজিবি জানায়, অভিযানের ঘটনায় বুড়িপোতা বিওপির টহল কমান্ডার নায়েক মো. মাসুদ হাওলাদার বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন। আটককৃত আসামিদের থানায় হস্তান্তর এবং উদ্ধারকৃত স্বর্ণ মেহেরপুর ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

[redacted]

[redacted]

মেহেরপুরে ক্ষুদে বিজ্ঞানীদের দারুণ উদ্ভাবনের প্রদর্শণ

মেহেরপুরে ৪৬ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে। তিন দিন ব্যাপী এ মেলায় ক্ষুদে বিজ্ঞানীরা স্বয়ংক্রিয় কৃষি গবেষণা কেন্দ্র, ফার্ম বিস্তার এবং উন্নত কৃষি ও ফ্যাক্টরি কার্বন ফিল্টারসহ বিভিন্ন উদ্ভাবনী প্রদর্শণ করে।

মঙ্গলবার দুপুরে কবি নজরুল শিক্ষা মঞ্জিলের মাঠ প্রাঙ্গণে জেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.একেএম নজরুল কবীর, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম প্রমুখ।

আজ বুধবার স্থানীয় সরকারের উপপরিচালক ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং ক্ষুদে বিজ্ঞানীদের বিভিন্ন উদ্ভাবনের ভূয়সী প্রশসংসা করেন।

মেহেরপুর ডায়াগনস্টিক ও ক্লিনিক মালিক এসোসিয়েশনের কমিটি গঠণ

মেহেরপুর জেলা ডায়াগনস্টিক ও ক্লিনিক মালিক এসোসিয়েশনের

উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ১৩ই মে বিকেল ৫টায় মেহেরপুরের সেভেন সেন্স রেস্টুরেন্টে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত নেতৃবৃন্দ জেলার ক্লিনিক ও ডায়াগনস্টিক সেবার মান উন্নয়নে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় নতুন কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়।

নবগঠিত কমিটির নেতৃবৃন্দ হলেন সভাপতি: ডা. আব্দুস সালাম, সিনিয়র সহ-সভাপতি নাজমুল হুদা, সহ-সভাপতি (সদর)বিধান চন্দ্র নাথ, সহ-সভাপতি(মুজিবনগর) জাহিদ হোসেন, সাধারণ সম্পাদক খালিদ সাইফুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক (সদর) শাহিনুর রহমান, সহ-সাধারণ সম্পাদক (গাংনী) হাফিজ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, দপ্তর সম্পাদক আবু আক্তার করণ, সহ-দপ্তর সম্পাদক রাশেদ আবু জাফর, অর্থ সম্পাদক শিমুল, সহ-অর্থ সম্পাদক রায়হান উদ্দিন, সাংস্কৃতিক সম্পাদক সুখি, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইমরান পারভেজ, প্রচার সম্পাদক মেহেদী হাসান সাগর, লাইসেন্স বিষয়ক সম্পাদক কামরুল ইসলাম, নির্বাহী সদস্য আসিফ আহসান, জাকারিয়া, মন্টু।

উপদেষ্টা মণ্ডলী ডা. আবু তাহের সিদ্দিকী, ডা. পারভেজ হাসান রাজা, আব্দুল লতিব, ডা. মিজানুর রহমান, ডা. জেপি আগরওয়ালা

সভায় বক্তারা সংগঠনের কার্যক্রম আরও বেগবান করার ওপর গুরুত্বারোপ করেন এবং জেলার স্বাস্থ্যসেবা খাতে স্বচ্ছতা ও গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান।

বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির, সম্পাদক ফরিদ

বিএনপির কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী দেশব্যাপী তৃণমূল পর্যায়ে পুনর্গঠনের অংশ হিসেবে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে সম্মেলন অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার (১৩ই মে) বিকেল ৫টার সময় গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে বুড়িপোতা ইউনিয়ন বিএনপির আয়োজনে দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সদস্য এম এ কে খায়রুল বাশার এর সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড কামরুল হাসান ।

জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন এর সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, আব্দুল্লাহ, ইলিয়াস হোসেন, রোমানা আহম্মেদ, ওমর ফারুক লিটন।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আঃ রহিম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, পৌরসভার ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি মোশিউল আলম দ্বীপু, সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা,জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, বিএনপি নেতা সৌরভ নাহিদ আহমেদ, মীর ফারুকসহ বুড়িপোতা ইউনিয়ন বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বক্তব্য শেষে নির্বাচনের মাধ্যমে বুড়িপোতা ইউনিয়ন বিএনপির নতুন কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি নাসির উদ্দিন এবং সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন নির্বাচিত হন।

সম্মেলনে নেতা-কর্মীদের উপস্থিতিতে প্রাণবন্ত পরিবেশের সৃষ্টি হয়।

হোটেল আটলান্টিকা কাণ্ড মামলার আইওকে লাঞ্চিত করলো আসামি

মেহেরপুর আদালত ভবনের বারান্দায় তদন্তকারী কর্মকর্তাকে লাঞ্চিত করার অভিযোগ উঠেছে চাঁদাবাজি ও পর্নোগ্রাফি মামলার আসামির বিরুদ্ধে।

নাম প্রকাশ না করার শর্তে আদালতের একাধিক কর্মচারী ও আইনজীবী বিষয়টি নিশ্চিত করেছেন। আদালতের বারান্দার সিসি ক্যামেরায় বিষয়টি স্পষ্টভাবে দেখা যাবে বলেও জানিয়েছেন তারা।

মঙ্গলবার (১৩ মে) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত ভবনে এ ঘটনা ঘটে। এ ঘটনাটি শহরে টক অব দ্যা টাউনে পরিণত হয়েছে।

জানা গেছে, মেহেরপুরের আলোচিত আটলান্টিকা হোটেল কাণ্ড মামলায় আজ মঙ্গলবার মেহেরপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তদন্তকারী কর্মকর্তার সাক্ষ্য শুনানি ছিলো। যথারীতি তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর ডিবি পুলিশের সাবেক কর্মকর্তা এসআই আশরাফুল ইসলাম আদালতে আসামিদের উপস্থিতিতে সাক্ষী দেন। সাক্ষী দিয়ে তিনি আদালত থেকে বের হয়ে যাওয়ার সময় মামলার ২ নম্বর আসামি ছন্দা খাতুনসহ কয়েকজন তাকে বিভিন্নভাবে গালি-গালাজ করেনে। এক পযার্যে ছন্দা খাতুন তার পায়ের জুতা খুলে তদন্তকারী কর্মকর্তার উদ্দেশ্যে ছুড়ে মারেন। এসময় তদন্তকারী কর্মকর্তা তড়িঘরি করে আদালত চত্বর থেকে বের হয়ে নিরাপদে চলে যান।

একজন পুলিশ কর্মকর্তা আদালতে চলমান মামলায় জামিনে থাকা আসামিদের মাধ্যমে আদালতের বারান্দাতেই আক্রমণের শিকারে পরিনত হওয়াতে বিষ্ময় প্রকাশ করেছেন অনেকেই।

হেনস্তার শিকার হওয়া তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফুল ইসলাম বলেন, ‘ছন্দাসহ আসামিরা বিভিন্নভাবে বেশ কিছুদিন ধরে আমাকে হুমকি দিয়ে আসছিলেন। আজও আদালতে সাক্ষী দিয়ে বের হয়ে যাওয়ার সময় তারা আমাকে উদ্দ্যেশে করে বিভিন্ন গালাগালি করে। আমাদের তাদের কথা কানে না নিয়ে দ্রুত আদালত ত্যাগ করি।’